

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি	সৈয়দ বেলাল হোসেন অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৬ জুন ২০২২ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ০২:৩০ টা
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব (প্রোগ্রামার, আইসিটি সেল) কে অনুরোধ করা হলে সদস্য সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

১.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ পর্যবেক্ষণ।

১.১ আলোচনা: সদস্য সচিব (প্রোগ্রামার, আইসিটি সেল) সভাকে অবহিত করেন, সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১.২ কার্যক্রমের আওতায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের লক্ষ্যে গত ০৮ জুন ২০২২ তারিখে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) এসিড উৎপাদনের লাইসেন্স নবায়নের আবেদনের অনলাইন লিংক সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্তকরণ;

(খ) যে সকল অনুবিভাগ/অধিশাখা/শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন হয়েছে তাদের তথ্য হালনাগাদকরণ;

(গ) ২৯ এবং ৩১ নম্বর প্রাতিষ্ঠানিক সেবার (নিরাপত্তা ছাড়পত্র প্রদান সংক্রান্ত) বিষয়ে সংশ্লিষ্ট শাখা এবং অধিশাখার সাথে আলোচনাপূর্বক হালনাগাদকরণের উদ্যোগ গ্রহণ করা।

সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে কিনা তা পরিবীক্ষণ করার জন্য বিশদ আলোচনা হয়। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

১.২ সিদ্ধান্ত:

(ক) এসিড উৎপাদনের লাইসেন্স নবায়নের আবেদনের অনলাইন লিংক সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্ত করা হয়েছে কিনা তা যাচাই করা;

(খ) অনুবিভাগ/অধিশাখা/শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য হালনাগাদকরণ করা হয়েছে কিনা তা যাচাই-বাছাই করা;

(গ) ২৯ এবং ৩১ নম্বর প্রাতিষ্ঠানিক সেবার (নিরাপত্তা ছাড়পত্র প্রদান সংক্রান্ত) তথ্যাদি হালনাগাদকরণ করা হয়েছে কিনা তা যাচাই-বাছাই করা।

২.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত কিছু সেবার কার্যক্রম দ্বৈবচয়ন ভিত্তিতে যাচাই-বাছাই করা।

২.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সেবাসমূহের মধ্যে দ্বৈবচয়ন ভিত্তিতে ০৩টি সেবার কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করা হয় কিনা তা যাচাই-বাছাই করার বিষয়ে মতামত প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহীত হয়:

২.২ সিদ্ধান্ত:

এপ্রিল-জুন, ২০২২ সময়ে (ক) পাসপোর্ট সেবা, পাসপোর্টের ভিসা স্টাম্পিং ও অন্যান্য কারণে পাসপোর্ট দেশের বাহিরে প্রেরণ ও কার্যশেষে গ্রহণ (খ) বাংলাদেশ নাগরিকত্ব পরিত্যাগ এবং (গ) আইনানুগ অভিভাবকের তত্ত্বাবধানে বাংলাদেশী শিশুদের বিদেশগমনের অনুমতি প্রদান সেবা কার্যক্রমে কতটি আবেদন গৃহীত হয়েছে, কতটি আবেদন সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে নিষ্পন্ন করা হয়েছে তা যাচাই করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সৈয়দ বেলাল হোসেন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.১১২

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৯

২৮ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
- ২) উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), মাদক-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) উপসচিব, প্রশাসন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



মোঃ আইয়ুব হোসেন
প্রোগ্রামার